



জগন্নাথ বিশ্ববিদ্যালয়  
Jagannath University

ডিজিটাল ডায়েরি ও ফটো গ্যালারি উদ্বোধন



২০ আগস্ট-২০১৭, রবিবার জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ, তথ্য ও প্রকাশনা দপ্তরের উদ্যোগে 'ডিজিটাল ডায়েরি' এবং নেটওয়ার্কিং অ্যান্ড আইটি দপ্তরের উদ্যোগে 'ফটো গ্যালারি'-এর উদ্বোধনী অনুষ্ঠান উপাচার্য মহোদয়ের সভা কক্ষে অনুষ্ঠিত হয়। উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান 'ডিজিটাল ডায়েরি' ও 'ফটো গ্যালারি'র উদ্বোধন করেন।

এসময় ব্যসসায় শিক্ষা অনুষদের ডিন অধ্যাপক ড. মনিরুজ্জামান, বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. দীপিকা রানী সরকার, সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. প্রিয়ব্রত পাল, লাইফ অ্যান্ড আর্থ সায়েন্স অনুষদের ডিন অধ্যাপক ড. মোঃ জাকারিয়া মিয়া, রেজিস্ট্রার প্রকৌশলী মোঃ ওহিদুজ্জামান, বিভিন্ন বিভাগের চেয়ারম্যান, জনসংযোগ, তথ্য ও প্রকাশনা দপ্তরের পরিচালক অধ্যাপক ড. মিল্টন বিশ্বাস, নেটওয়ার্কিং অ্যান্ড আইটি দপ্তরের পরিচালক অধ্যাপক ড. উজ্জ্বল কুমার আচার্য্য ও কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।